“একা (সফরকারী) আরোহী একটি শয়তান এবং দু’জন আরোহী দু’টি শয়তান। আর তিনজন আরোহী একটি কাফেলা।”

আবদুল্লাহ ইবন ‘আমর ইবনুল ‘আস রাদিয়াল্লাহু আনহুমা থেকে মারফু‘ সনদে বর্ণিত, “একা (সফররত) যাত্রী একটি শয়তান এবং দু’জন যাত্রী দু’টি শয়তান। আর তিনজন যাত্রী একটি
কাফেলা।”
[হাসান] [এটি তিরমিযী বর্ণনা করেছেন। - এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন। - এটি মালেক বর্ণনা করেছেন।]

যে সব জায়গায় জনসাধারণের আনাগোনা না থাকে সে সব জায়গায় একা ভ্রমণ করা বা কেবল দুইজন লোক ভ্রমণ করার বিষয়ে হাদীসে নিরুৎসাহিত করা হয়েছে এবং দলবদ্ধ হয়ে একসাথে ভ্রমণ করার প্রতি উৎসাহ প্রদান করা হয়েছে। একজনের সফরের বিষয়টি স্পষ্ট; যাতে দলবদ্ধ সফরে থাকলে পথে কোনো বিপদ হলে বা সে মারা গেলে অপরের কাছ থেকে সহযোগিতা নেওয়া যায় এবং যাতে শয়তানের ষড়যন্ত্রে সে আক্রান্ত না হয়। আর দুই জন হলেও সফর করতে নিরুৎসাহিত করা হয়েছে; কেননা একজন আক্রান্ত হলে অপর জন একা হয়ে যাবে। বর্তমানে দ্রুতগামী গাড়িতে অন্যান্য যাত্রীদের সাথে ভ্রমণ করাকে একা ভ্রমণ করা হিসাবে গণ্য করা হবে না এবং এভাবে একজন একজন যাত্রীকে শয়তান বলা যাবে না; কারণ এ সব যাত্রীরা দলবদ্ধভাবে সফরকারী একটি কাফেলার মতোই। যেমন, মক্কা থেকে রিয়াদ বা জেদ্দা থেকে মক্কা ভ্রমণ করা। কিন্তু যে সব জনবিচ্ছিন্ন পথে মানুষের যাতায়াত নেই, সে সব পথে ভ্রমণ করা একার ভ্রমণ হিসেবে বিবেচিত হবে এবং তা এ হাদীসের আওতাভুক্ত বলে গণ্য হবে।

http://www.sunnah.global/hadeeth/bn/show/5938